

🗏 আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭:১৭

💵 আরবি মূল আয়াত:



তারপর পরবর্তীদেরকে তাদের অনুসারী বানাই। — আল-বায়ান
অতঃপর পরবর্তী লোকেদেরকেও আমি তাদের অনুগামী করব। — তাইসিরুল
অতঃপর আমি পরবর্তীদেরকে তাদের অনুগামী করব। — মুজিবুর রহমান

Then We will follow them with the later ones. — Sahih International

১৭. তারপর আমরা পরবর্তীদেরকে তাদের অনুগামী করব।(১)

(১) এটা আখেরাতের স্বপক্ষে ঐতিহাসিক প্রমাণ। এতে বর্তমান লোকদেরকে অতীত লোকদের অবস্থা থেকে শিক্ষা গ্রহণ করতে বলা হয়েছে। আদ, সামুদ, কাওমে লুত, কাওমে-ফিরআউন ইত্যাদিকে আল্লাহ ধ্বংস করেছেন। সে ধারাবাহিকতায় মক্কার কাফেরদেরকেও তিনি ধ্বংস করবেন। [দেখুন: তাবারী; ফাতহুল কাদীর] এই আযাব বদর, ওহুদ প্রভৃতি যুদ্ধে তাদের উপর পতিত হয়েছে। আর যদি দুনিয়াতে সে আযাব নাও আসে, আখেরাতে তা অবশ্যই আসবে। [ফাতহুল কাদীর]

তাফসীরে জাকারিয়া

- (১৭) অতঃপর আমি পরবর্তীদেরকে তাদের অনুগামী করব। [1]
 - [1] অর্থাৎ, মক্কার কাফের এবং তাদের মত যারা রসূল (সাঃ)-কে অবিশ্বাস করেছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=5639

🙎 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন